

মুক্তিযুদ্ধ বিষয়ক স্ট্যাভিং কমিটি, শিবচর, মাদারীপুর এর সভার কার্যবিবরণী :

সভাপতি	: বি এম আতাইর রহমান (আতাহার), ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর
সভার স্থান	: উপজেলা ভাইস চেয়ারম্যান মহোদয়ের অফিসকক্ষ।
সভার তারিখ ও সময়	: ০৪ আগস্ট ২০২১ খ্রিঃ, সকাল- ১০.০০ ঘটিকা
উপস্থিত সদস্যগণ	: পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। শুরুতে গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

মুক্তিযুদ্ধ বিষয়ক স্ট্যাভিং কমিটির সদস্য সচিব, উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, ২০২০-২১ অর্থ বছরের জানুয়ারি/২০২১ খ্রিঃ হতে বীর মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা জিটুপি পদ্ধতিতে সরাসরি বাংলাদেশ ব্যাংক থেকে বীর মুক্তিযোদ্ধাদের ব্যাংক হিসাবে প্রেরণ করা হয়। গত ০২ আগস্ট ২০২১ খ্রিঃ তারিখে নতুন প্রজ্ঞাপনের মাধ্যমে মুক্তিযোদ্ধাদের ভাতা বাস্তবায়ন কমিটির নতুন সদস্য সচিব হিসেবে সমাজসেবা অফিসারের পরিবর্তে সোনালী ব্যাংক, ব্যবস্থাপক কে অন্তর্ভুক্ত করা হয়। বর্তমানে মুক্তিযোদ্ধাদের ভাতা বাস্তবায়ন কমিটির সাথে সমাজসেবা অফিসারের কোন সম্পর্ক নাই মর্মে সভাকে অবহিত করেন। অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের ০৯ জনের নামে আবাসন বরাদ্দ পাওয়া গেছে বলে সভাকে জানানো হয়।

সিদ্ধান্তঃ ০৯ জন অসচ্ছল বীর মুক্তিযোদ্ধার নামে ঘর বরাদ্দের নির্মাণ কাজ দ্রুত শুরু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার কে অনুরোধ জানানো হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে পুনঃরায় ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

বি এম আতাইর রহমান (আতাহার)
উপজেলা ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
মুক্তিযুদ্ধ বিষয়ক স্ট্যাভিং কমিটি,
শিবচর, মাদারীপুর
তারিখঃ ০৪/০৮/২০২১খ্রিঃ

স্মারক নং ৪১.০১.৫৪৮৭.০০০.০৬.০৫৪.১৪. ৬০৪




সদয় অবগতিঃ

১. উপজেলা চেয়ারম্যান, শিবচর, মাদারীপুর।
২. উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর।
৩. অফিস কপি।

শাহ মমিন
উপজেলা সমাজসেবা অফিসার

ও
সদস্য সচিব
মুক্তিযুদ্ধ বিষয়ক স্ট্যাভিং কমিটি,
শিবচর, মাদারীপুর।

০৪-০৬-২০১৭ তারিখের মুক্তিযুদ্ধ বিষয়ক স্থায়ী কমিটির সভার উপস্থিতি সদস্যদের স্বাক্ষর

ক্রমিক	নাম	পদবী	স্বাক্ষর
০১	জনাব বি.এম আতাউর রহমান (আতাহার) ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর	সভাপতি	
০২	জনাব মোঃ জাকির হোসেন হায়দার চেয়ারম্যান, বহেরতলাউত্তর ইউনিয়ন পরিষদ।	সদস্য	
০৩	জনাব মনোয়ারা বেগম চেয়ারম্যান, দ্বিতীয়খন্ড ইউনিয়ন পরিষদ।	সদস্য	
০৪	জনাব মোঃ সুরাব উদ্দিন মাতুব্বর চেয়ারম্যান, শিরগাইল ইউনিয়ন পরিষদ।	সদস্য	
০৫	জনাব শাহ আলম উপজেলা সমাজসেবা অফিসার	সদস্য সচিব	